পরিচালক (সরেজমিন
এর দপ্তর
ডকেট নং ৪০৪
তারিখ: ০১/১০/২৪
যুগ্ম পরিচালক (সিসিএম)
যুগ্ম পরিচালক (সম্প্র: ও কি: প্র:)
যুগ্ম পরিচালক (অর্থ)
কর্মসূচি পরিচালক
একান্ত সচিব/সহকারী (পরিচালক সরেজমিন
পরিচালক এর দপ্তর:

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা

## ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্প/কর্মসূচিওয়ারি শ্রেষ্ঠ মাঠকর্মী চূড়ান্ত বাছাই সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফারুক আহমেদ জোয়ার্দার, যুগ্মপরিচালক (সিসিএম) |
| সভার স্থান | : | যুগ্মপরিচালক (সিসিএম) মহোদয়ের অফিস কক্ষ |
| সভার তারিখ | : | ২৯/০৯/২০২৪ খ্রি. সময়: বেলা ১১.০০ ঘটিকা |
| | | সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপপরিচালক (মনিটরিং) সভার উদ্দেশ্যে ব্যাখ্যা করে বলেন, ২০২৩-২৪ অর্থবছরে বিআরডিবি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক নং ২.১.৪ অনুযায়ী পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় মাঠকর্মীদের স্বীকৃতি/সম্মাননা প্রদানের উদ্দেশ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের নির্দেশনা ছিল। উক্ত নির্দেশনার আলোকে বিগত ২৪ মার্চ, ২০২৪ তারিখে যুগ্মপরিচালক (সিসিএম) এর সভাপতিত্বে গঠিত কমিটির সভায় বিআরডিবি হতে ০২ (দুই) জন শ্রেষ্ঠ নারী ও ০২ (দুই) শ্রেষ্ঠ পুরুষ মাঠকর্মীকে স্বীকৃতি/সম্মাননা প্রদানের বাছাই এবং তা যথারীতি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক বিআরডিবি'র ইরেসপো প্রকল্পের ০১ (এক) জন নারী মাঠকর্মীকে পুরস্কার প্রদান করা হয়েছে। ঐ বাছাই কাজ সম্পন্ন করার সময়েই বিআরডিবি'র প্রতিটি প্রকল্প/কর্মসূচির মাঠ কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রতিটি প্রকল্প/কর্মসূচি হতে ০১ (এক) জন শ্রেষ্ঠ নারী ও ০১ (এক) জন শ্রেষ্ঠ পুরুষ মাঠকর্মীকে বিআরডিবি'র নিজস্ব ব্যবস্থাপনায় স্বীকৃতি/সম্মাননা প্রদানের বিষয়েও আলোচনা হয়। প্রকল্প/কর্মসূচিগুলো নিজস্ব অর্থায়নে সম্মিলিতভাবে একটি বড় অনুষ্ঠানের আয়োজনপূর্বক উক্ত পুরস্কার করলে তা মাঠকর্মীদের কাজে গুরুত্বপূর্ণ প্রণোদনা হবে মর্মে সভায় সদস্যগন মত দেন। কিন্তু প্রকল্প/কর্মসূচিওয়ারি শ্রেষ্ঠ মাঠকর্মী বাছাইয়ের কাজটি ঐ সময় অনিষ্পন্ন থেকে যায়। বিষয়টি সম্প্রতি মহাপরিচালক ও পরিচালক (সরেজমিন) মহোদয় আমলে নিয়ে দ্রুততম সময়ে বাছাই কর্ম সম্পন্ন করার জন্য মৌখিকভাবে নির্দেশনা প্রদান করেছেন। তৎপ্রেক্ষিতেই অদ্যকার সভার আয়োজন।

উপপরিচালক (মনিটরিং) জানান, নীতিমালা/নির্দেশনা অনুযায়ী মূল্যায়ন ছক/চেকলিস্ট প্রাথমিকভাবে ইউআরডিও'র দপ্তর কর্তৃক জেলায় প্রেরণ করা হয়। এরপর জেলাদপ্তর কর্তৃক প্রাপ্ত সকল মনোনয়ন যাচাই-বাছাইপূর্বক প্রতি প্রকল্প/কর্মসূচির শ্রেষ্ঠ একজন পুরুষ ও একজন মহিলা বাছাইপূর্বক তা সদরদপ্তরে প্রেরণ করা হয়। অদ্যকার সভা জেলা পর্যায় হতে প্রেরিত মনোনয়ন তালিকা পর্যালোচনা করে জাতীয় পর্যায়ে বিআরডিবি'র প্রতিটি প্রকল্প/কর্মসূচির জন্য একজন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ মহিলা মাঠকর্মী বাছাইঅন্তে মনোনয়নের জন্য চূড়ান্ত করবেন।

০২। সভায় জেলাদপ্তরসমূহ হতে প্রকল্প/কর্মসূচিওয়ারি একজন করে শ্রেষ্ঠ পুরুষ ও মহিলা মাঠকর্মীর মনোনয়ন তালিকা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই-বাছাই ও পর্যালোচনা করা হয়। মূল্যায়ন ছক অনুযায়ী একজন মাঠকর্মীকে ৫০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হয়েছিল। সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত মাঠকর্মীর সংখ্যা যথেষ্ট সংখ্যায় হলেও সকল প্রকল্প/কর্মসূচির ক্ষেত্রে সর্বোচ্চ নম্বরধারী পাওয়া না যাওয়ায় সর্বসম্মতিক্রমে ন্যূনতম ৪০ নম্বর ধারী মাঠকর্মীদেরকে মূল্যায়নের আওতায় আনার সিদ্ধান্ত হয়। অতঃপর যাচাই-বাছাইঅন্তে সর্বসম্মতিক্রমে নিম্নের ১২টি প্রকল্প/কর্মসূচির আওতায় প্রতিটির শ্রেষ্ঠ একজন পুরুষ ও একজন মহিলা মাঠকর্মী মনোনীত করা হয়:

| ক্রম | প্রকল্প/ কর্মসূচির নাম | মনোনীত মাঠকর্মীর নাম | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | প্রাপ্ত নম্বর | মহিলা | প্রাপ্ত নম্বর | |
| | ...ল কর্মসূচি (ইউসিসিএ) | জনাব মো: মাসুম বিল্লাহ<br>পরিদর্শক, পাইকগাছা, খুলনা<br>মোবাইল নং-০১৯১৪-০৩৪৫৫৫ | ৫০ | জনাব অংম্রাউ মারমা<br>পরিদর্শক, রোয়াংছড়ি, বান্দরবান<br>মোবাইল নং-০১৫৫২-৩৫২২৯৪ | ৪০ | |
| ০২ | মহিলা উন্নয়ন অনুবিভাগ | জনাব লোকমান হাকিম<br>মাঠ সংগঠক, অভয়নগর, যশোর<br>মোবাইল নং-০১৭৭৯-৫৭৬১৫৫ | ৪৮ | জনাব জয়নাব বেগম<br>মাঠ সংগঠক, কাপ্তাই, রাঙ্গামাটি<br>মোবাইল নং- ০১৮১৮-৭৪২৮১৫ | ৫০ | |
| ০৩ | স...িক | জনাব ফিরোজ আহমেদ<br>মাঠ সহকারী, শার্শা, যশোর<br>মোবাইল নং-০১৯২৪-৪৩০২১১ | ৪২ | জনাব রেমসাংকিম বম<br>মাঠ সহকারী, রোয়াংছড়ি, বান্দরবান<br>মোবাইল নং-০১৮২৩৮২৭৯৪০ | ৪৮ | |
| ০৪ | পল্লী প্রগতি কর্মসূচি | জনাব অপূর্ব বিশ্বাস<br>গ্রাম সংগঠক, অভয়নগর, যশোর<br>মোবাইল নং-০১৭২৮-৩৪০০৪৯ | ৪৬ | ~~জনাব মোছা: খোদেজা খাতুন<br>গ্রাম সংগঠক, শার্শা, যশোর<br>মোবাইল নং-০১৯৯৮৬২২৭২৯~~ | ৩৮ | প্রাপ্ত নম্বর ৪০ এর নীচে হওয়ায় খোদেজা খাতুনকে মনোনয়ন দেয়া গেল না |

পরবর্তী পৃষ্ঠায়

যুগ্ম পরিচালক (সিসিএম)
এর দপ্তর
ডকেট নং- ৭৪৪ তাং- ০২/১০/২৪
উপ পরিচালক (ঋণ)
উপ পরিচালক (সমবায়)
উপ পরিচাল... ...চ)
উপ পরিচালক (মার্কেটিং)
উপ পরিচালক (পরিদর্শন)
যুগ্ম পরিচালক (সিসিএম) এর
স্বাক্ষর তাং-

| ক্রম | প্রকল্প/ কর্মসূচির নাম | মনোনীত মাঠকর্মীর নাম | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | প্রাপ্ত নম্বর | মহিলা | প্রাপ্ত নম্বর | |
| ০৫ | ইরেসপো | জনাব কাশিম আলী<br>মাঠ সংগঠক, সদর , মেহেরপুর<br>মোবাইল নং-০১৮৯৬-০৩৭৬০৮ | ৫০ | জনাব আরজুয়ারা খানম<br>মাঠ সংগঠক, অভয়নগর, যশোর<br>মোবাইল নং-০১৭২৩-০৪২২১৫ | ৫০ | |
| ০৬ | পল্লীপ | জনাব মো: আক্তারুজ্জামান<br>মাঠ সংগঠক, শার্শা, যশোর<br>মোবাইল নং-০১৭৩৫-৩৭০৬০২ | ৫০ | জনাব শিউলি আক্তার বানু<br>মাঠ সংগঠক, নওগাঁ সদর, নওগাঁ<br>মোবাইল নং-০১৭৫২-৬৬০২৫০ | ৫০ | |
| ০৭ | পিইপি | জনাব মো: এনায়েত হোসেন<br>মাঠ সংগঠক, গোয়ালন্দ, রাজবাড়ী<br>মোবাইল নং-০১৭১৪-৮১৬৩১৬ | ৫০ | জনাব নাছিমা বেগম<br>মাঠ সংগঠক, পাংশা, রাজবাড়ী<br>মোবাইল নং-০১৫৭২-০০৪৫৩৬ | ৫০ | |
| ০৮ | অপ্রধান শস্য | জনাব মো: তাফিউল ইসলাম<br>মাঠ সংগঠক, নকলা,শেরপুর<br>মোবাইল নং-০১৭৩৭-৬৭৬৬০৪ | ৫০ | জনাব মোছা: মঞ্জুয়ারা খাতুন<br>মাঠ সংগঠক, শাহজাদপুর, সিরাজগঞ্জ<br>মোবাইল নং-০১৭৬৪-৪২৬৭১০ | ৪৮ | |
| ০৯ | পদাবিক | জনাব মো: জহুরুল ইসলাম<br>মাঠ সংগঠক, দেলদুয়ার, টাঙ্গাইল<br>মোবাইল নং-০১৭৭৬৪৩৯০০৯ | ৪৪ | জনাব রোকসানা আক্তার<br>মাঠ সংগঠক, চান্দিনা, কুমিল্লা<br>মোবাইল নং-০১৯৫৯-৯২৭০৬১ | ৪২ | |
| ১০ | পার্বত্য চট্টগ্রাম সমাজ উন্নয়ন কর্মসূচি | জনাব মোঃ ইউনুছ<br>মাঠ সংগঠক, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান<br>মোবাইল নং- ০১৮১০ ৬৫৭৫৮০ | ৪৪ | ~~জনাব হোসনে আরা বেগম~~<br>~~মাঠ সংগঠক, আলীকদম, বান্দরবান~~<br>~~মোবাইল নং- ০১৮২০ ৪৩২৫৫২~~ | ১৬ | প্রাপ্ত নম্বর ৪০ এর নীচে হওয়ায় হোসনে আরাকে মনোনয়ন দেয়া গেল না |
| ১১ | উদকনিক | ~~জনাব মো: সারোয়ার জাহান~~<br>~~ক্রেডিট সুপার ভাইজার~~<br>~~মিঠাপুকুর, রংপুর~~<br>~~মোবাইল নং- ০১৭৩৭-৪৭১৬৮০~~ | ২৮ | ~~জনাব মোছা: শাহানাজ পারভীন~~<br>~~ক্রেডিট সুপার ভাইজার~~<br>~~চিলমারী, কুড়িগ্রাম~~<br>~~মোবাইল নং- ০১৭৬৮-৪৯৮৮৮৫~~ | ২০ | প্রাপ্ত নম্বর ৪০ এর নীচে উদকনিকের কাউকেই মনোনয়ন দেয়া গেল না |
| ১২ | গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্প | জনাব মো: আরিফুল হক<br>মাঠ সংগঠক, সুন্দরগঞ্জ, গাইবান্ধা<br>মোবাইল নং-০১৭১৭-৯৮৬৭৭৪ | ৪৮ | | | মহিলা মাঠসংগঠক না থাকায় ২ জন পুরুষ মাঠ সংগঠক মনোনীত করা হয়েছে |
| | | জনাব মো: বাবুল মিয়া<br>মাঠ সংগঠক, সাঘাটা, গাইবান্ধা<br>মোবাইল নং- ০১৭৩৮-৪৪৮০৬৪ | ৪৮ | | | |

০৩। উপরের ২ নং ক্রমিকে বর্ণিত ছকভুক্ত ১২টি প্রকল্প/কর্মসূচির শ্রেষ্ঠ ২৪ জন মাঠকর্মীর মধ্যে ৪০ ও তদূর্ধ্ব নম্বর প্রাপ্ত যোগ্য ২০ জন মাঠকর্মীর নামের তালিকা পরিচালক (সরেজমিন) মহোদয়ের নিকট পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য পেশ করার সিদ্ধান্ত হয়। পল্লী প্রগতি কর্মসূচির গ্রাম সংগঠক জনাব মোছাঃ খোদেজা খাতুন, পার্বত্য চট্টগ্রাম সমাজ উন্নয়ন কর্মসূচির মাঠ সংগঠক জনাব হোসনে আরা বেগম এবং উদকনিক কর্মসূচির মাঠ সংগঠক জনাব মোঃ সারোয়ার জাহান ও জনাব মোছাঃ শাহানাজ পারভীন. মোট চারজন ৪০ নম্বরের কম প্রাপ্ত হওয়ায় তাদের মনোয়নের বিষয়টি বিবেচনা না করার সিদ্ধান্ত হয়।

০৪। বাছাই কমিটিতে সকল প্রকল্প/কর্মসূচির পরিচালককে অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠনের প্রস্তাব মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**ফারুক আহমেদ জোয়ার্দার**
যুগ্মপরিচালক (সিসিএম)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৪০৫.১৬.০০৭.২৩. ১০০৮      তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২৪

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানসারে নয়):**

১। যুগ্মপরিচালক (আরইএম/ নির্মাণ/মউ), বিআরডিবি, ঢাকা।

২। প্রকল্প/কর্মসূচি পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা, ফরিদপুর/গাইবান্ধা/রংপুর।

৩। উপপরিচালক (প্রশাসন-১/গবেষণা ও মূল্যায়ন/জনসংযোগ ও সমন্বয়/ প্রোগ্রামিং/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।

৪। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। পচিালকের একান্ত সহকারী, পরিকল্পনা/সরেজমিন বিভাগ, বি[রডিবি, ঢাকা। পরিচালক মহোদয়ের সদয় অবগিতর জন্য।

৩০/০৯/২০২৪

মো: শহীদুল ইসলাম
উপপরিচালক (মনিটরিং) ও
ফোকাল পয়েন্ট, বিআরডিবি এপিএ টিম

## শ্রেষ্ঠ মাঠকর্মীর ব্যক্তিগত তথ্য:

ছবি
(পাসপোর্ট সাইজ)

মাঠকর্মীর নাম:

পদবী:

কর্মরত প্রকল্প/কর্মসুচির নাম:

বর্তমান কর্মস্থল:

বিআরডিবি'তে যোগদানের তারিখ:

১।
(ক) নির্বাচিত মাঠকর্মীর ব্লকে ঋণ কার্যক্রমের বিবরণ:

(খ) নির্বাচিত মাঠকর্মীর ব্লকে সাংগঠনিক কার্যক্রমের বিবরণ:

(গ) নির্বাচিত মাঠকর্মীর ব্লকে শেয়ার/সঞ্চয় এর বিবরণ:

২। নির্বাচিত মাঠকর্মীর কাজের বিশেষত্ব কি?
(কেন সে অন্যদের চেয়ে ভালো করতে সক্ষম হয়েছে)

৩। সুফলভোগীদের সাথে তাঁর কার্যক্রমের ২/৩ টি ছবি: